

তেজগাঁওয়ে প্রি-ক্যাডেট স্কুলে বোমা বিস্ফোরণে ২ ছাত্র আহত

নিজস্ব বার্তা পরিবেশক : নগরীর তেজগাঁও এলাকায় ঢাকা প্রি-ক্যাডেট হাইস্কুলের ছাত্রাবাসে বোমা বিস্ফোরণে ২ ছাত্র আহত হয়েছে। বুধবার গভীর রাতে এ ঘটনা ঘটে। আহত ছাত্র ইমরান রচি (১৪) ও শাহমাদ হোসেন শাহিনকে (১৫) ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ তাদেরকে গ্রেফতার করেছে। তাদের বিরুদ্ধে তেজগাঁও থানায় বিস্ফোরক দ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

পুলিশ জানায়, তেজগাঁও বাজারের ঢাকা প্রি-ক্যাডেট হাইস্কুলের ছাত্র ইমরান ও শাহিন স্কুলের ছাত্রাবাসের ২০৯ নম্বর কক্ষে থাকত। বুধবার তারা পলিথিন ব্যাগযোগে

বোমা নিয়ে স্কুলের ছাত্রাবাসে নিজ কক্ষে রাখে। রাতে বোমা নাড়াচাড়ার সময় বিস্ফোরণে তারা আহত হয়। ঘটনার পর পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাদের গ্রেফতার করে পুলিশ প্রহরায় হাসপাতালে ভর্তি করে। ২ জন ওই স্কুলের ৮ম শ্রেণীর ছাত্র বলে জানা গেছে। এসময় স্কুল ছাত্রাবাসে ছাত্রদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

পুলিশের ধারণা - ২ ছাত্র বোমা ২টি বাইরে থেকে ছাত্রাবাসে এনে রেখেছিল। তবে হাসপাতাল সূত্র জানায়, বোমা বানানোর সময় বিস্ফোরিত হয়। এর সত্যতা নিশ্চিত হওয়া যায়নি। এ ব্যাপারে স্কুলের অধ্যক্ষ বাদি হয়ে বিস্ফোরক আইনের ৩ ও ৪ ধারায় মামলা করেছেন।